সাধনচন্দ্র মহাবিদ্যালয়

হরিণডাঙা, দক্ষিণ ২৪ পরগনা, ৭৪৩৫০৪

অ্যাডমিশন নোটিস-৩৫

বিএ অনার্স ও জেনারেল ২০২০-২১

০২-১২-২০২০

প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, নবম, দশম, একাদশ ও দ্বাদশ পর্বে অনলাইনে আবেদন চাওয়ার পরেও বেশ কিছু আসনে কোনও আবেদনকারী মেলেনিই। এই পরিস্থিতিতে এবং উচ্চ শিক্ষা দফতরও আরও একবার অনলাইন পোর্টাল খুলে ভর্তির আবেদন চাওয়ার অনুমোদন দেওয়ায় আগ্রহীদের কাছ থেকে পুনরায় অনলাইনে আবেদন চাওয়া হচ্ছে।

নীচে দেওয়া শূন্য আসনের বাইরে আর কোনও আসনের জন্য আবেদন গ্রাহ্য হবে না। এক পর্বে করা আবেদন অন্য পর্বের জন্য বিবেচিত হবে না।

উচ্চ শিক্ষা দফতরের নোটিফিকেশন (No. 434-Edn (CS)/10M-95/14, dated 16.07.2020, issued by the Department of Higher Education, Govt. of West Bengal (annexed) এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ২৪ জুলাই ২০২০ তারিখের Ref. No. CUS/52(Cir.)/20 অনুযায়ী এই ভর্তি প্রক্রিয়া চলবে।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নিয়ম ও শর্ত (CSR/03/18 dated 07.5.2018 for B.A/B.Sc./B.Mus. (Honours/General). অনুযায়ী ছাত্রছাত্রীদের এই স্নাতক কোর্সে (অনার্স ও জেনারেল) ভর্তি নেওয়া হবে। উচ্চ মাধ্যমিক বা সমতূল্য পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারী ছাত্র-ছাত্রীর ১০০ নম্বরের ইংরেজি পত্রেও কৃতকার্য হতে হবে।

গোটা ভর্তি প্রক্রিয়াটি অনলাইনে সম্পন্ন হবে। নির্ধারিত সময়ে কলেজের ওয়েবসাইট www.sadhanchandramahavidyalaya.org গিয়ে ছাত্রছাত্রীরা বিভিন্ন কোর্সে ভর্তির জন্য আবেদন জানাতে পারবে। কলেজ কর্তৃপক্ষের বাইরে অন্য কারও দ্বারা ছাত্রছাত্রীদের প্রভাবিত না হওয়ার অনুরোধ করা হচ্ছে।

ছাত্রছাত্রীদের অনুরোধ করা হচ্ছে যে, অ্যাডমিশন পোর্টালে তারা যেন নিজেদের মোবাইল নম্বরটিই প্রদান করে। ভবিষ্যতে ভর্তির সুযোগ পাওয়া ছাত্রছাত্রীদের সঙ্গে আগামী তিন বছর ধরে এই মোবাইল নম্বরেই কলেজ ম্যানেজমেন্টের তরফে পোর্টাল মারফত নানা বিষয়ে যোগাযোগ করা হবে। ভর্তি সংক্রান্ত জরুরি বার্তাও আবেদনকারীর ওই মোবাইল নম্বরেই পাঠানো হবে।

অ্যাডমিশন সময়সূচি ২০২০-২১

ত্রয়োদশ পর্বের অনলাইনে আবেদন	০৪-১০ ডিসেম্বর ২০২০

কোর্স ও বিষয় ভিত্তিক ত্রয়োদশ পর্বের শর্তাধীন (প্রোভিশনাল) মেধা তালিকা প্রকাশ	১১ ডিসেম্বর ২০২০ (বিকেল সাড়ে ৪টের পরে)
উপরোক্ত তালিকা অনুযায়ী ভর্তি	১২-১৫ ডিসেম্বর ২০২০ রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত

আসন সংখ্যা ভর্তি না হওয়া এবং পরবর্তী সরকারি নির্দেশিকা না মেলা অবধি এই অনলাইন ভর্তি প্রক্রিয়া চালু থাকবে। অনলাইনে নির্দিষ্ট সময়ে সময়ে মেধা তালিকা এবং ভর্তি সংক্রান্ত নোটিস প্রকাশিত হতে থাকবে। তাঁর জন্য আবেদনকারীদের নিয়মিত কলেজের ওয়েবসাইটে নজর রাখতে হবে। কোনও আবেদনকারী বা তার অভিভাবকদের ক্লাস শুরু না হওয়ার আগে পর্যন্ত কলেজে আসার প্রয়োজন নেই।

শূন্য আসন সংখ্যা*

কোর্স	বিষয়	জেনারেল	এসসি	এসটি	ওবিসি-এ	ওবিসি-বি	মোট
সাম্মানিক	বাংলা	নেই	নেই	৬	৩	১	১০
	শিক্ষাবিজ্ঞান	নেই	নেই	নেই	নেই	নেই	নেই
	ইংরেজি	নেই	নেই	০১	০১	নেই	**০৫**
	ইতিহাস	নেই	০৭	০৫	নেই	০২	**১৪**
	দর্শন	১০	১৪	০৫	০৮	০১	**৩৮**
	রাষ্ট্রবিজ্ঞান	নেই	০৩	০২	০১	নেই	**০৬**
	সংস্কৃত	০৬	০২	০২	০৩	০১	**১৪**
সাধারণ		নেই	নেই	নেই	নেই	নেই	নেই

*আসনসংখ্যা পরিবর্তিত হতে পারে। বিধি অনুযায়ী, ৩% আসন শারীরিক প্রতিবন্ধকতা সম্পন্ন এবং জেনারেল কোর্সে ১% আসন ভোকেশনাল কোর্সের পড়ুয়াদের জন্য সংরক্ষিত

বিষয় সমাহার*

স্নাতক সাম্মানিক (সিসি)	প্রথম দুই সেমেস্টারের দু'টি জিই	প্রথম সেমেস্টারের এইসিসি-১
বাংলা	ক) দর্শন/ ভূগোল/ রাষ্ট্রবিজ্ঞান খ) ইতিহাস/ ইংরেজি/ সংস্কৃত	কমিউনিকেটিভ ইংলিশ/ বাংলা (আধুনিক ভারতীয় ভাষা)
ইতিহাস	ক) দর্শন/ ভূগোল/ রাষ্ট্রবিজ্ঞান খ) বাংলা/ শিক্ষাবিজ্ঞান	
দর্শন	ক) ইতিহাস/ ইংরেজি/ সংস্কৃত খ) বাংলা/ শিক্ষাবিজ্ঞান	
শিক্ষাবিজ্ঞান	ক) দর্শন/ ভূগোল/ রাষ্ট্রবিজ্ঞান খ) ইতিহাস/ ইংরেজি/ সংস্কৃত	
রাষ্ট্রবিজ্ঞান	ক) ইতিহাস/ ইংরেজি/ সংস্কৃত খ) বাংলা/ শিক্ষাবিজ্ঞান	
ইংরেজি	ক) দর্শন/ ভূগোল/ রাষ্ট্রবিজ্ঞান খ) বাংলা/ শিক্ষাবিজ্ঞান	
সংস্কৃত	ক) দর্শন/ ভূগোল/ রাষ্ট্রবিজ্ঞান খ) বাংলা/ শিক্ষাবিজ্ঞান	

স্নাতক সাধারণ কোর্স	যে কোনও তিনটি (দু'টি সিসি ও একটি জিই)	প্রথম সেমেস্টারের এইসিসি-১	
	সিসি	জিই	কমিউনিকেটিভ ইংলিশ/ বাংলা (আধুনিক ভারতীয় ভাষা)
	ক) বাংলা/ শিক্ষাবিজ্ঞান খ) দর্শন/ ভূগোল/ রাষ্ট্রবিজ্ঞান গ) ইতিহাস/ ইংরেজি/ সংস্কৃত	ক) শিক্ষাবিজ্ঞান খ) দর্শন/ ভূগোল/ রাষ্ট্রবিজ্ঞান গ) ইতিহাস/ সংস্কৃত	

***সাম্মানিক কোর্সের জিই এবং সাধারণ কোর্সের সিসি ও জিই নির্বাচনের ক্ষেত্রে কলেজে ভেরিফিকেশনের সময় প্রাপ্য আসন সংখ্যার উপর নির্ভর করবে**

জরুরি তথ্য

- অনলাইনে আবেদনের সময় তথ্য ও নথিগুলিকে সঠিক ভাবে আপলোড করতে হবে। ক্লাস শুরু হলে ছাত্রছাত্রীদের সমস্ত নথি যাচাই করা হবে।
- মেধা অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। ক্লাস শুরু না হওয়া পর্যন্ত আবেদনকারী বা ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের কাউন্সেলিং, ভেরিফিকেশন সংক্রান্ত বা অন্য যে কোনও কাজের জন্য কলেজে আসার প্রয়োজন নেই।
- মেধা তালিকায় নাম এলে কলেজ কর্তৃপক্ষের তরফে আবেদনকারীদের ই-মেল বা এসএমএস পাঠিয়ে তা জানানো হবে।
- ভর্তির টাকা অনলাইনের মাধ্যমে জমা করতে হবে।

ভর্তি হওয়ার পরে যদি কোনও ছাত্র/ছাত্রীর অনলাইনে প্রদত্ত তথ্য/নথিতে গোলমাল ধরা পড়ে, সে ক্ষেত্রে তার ভর্তি বাতিল করা হবে।

ভর্তি সংক্রান্ত যাবতীয় নোটিসের জন্য আবেদনকারীদের গোটা ভর্তি প্রক্রিয়া পর্বে কলেজের ওয়েবসাইটে নিয়মিত নযর রাখতে বলা হচ্ছে। এসএমএস বা ই-মেল না পাওয়াকে নির্দিষ্ট সময়ে ভর্তি না হতে পারার যুক্তি হিসেবে বিবেচনা করা হবে না।

আবেদনকারী হলেই তার ভর্তি হওয়ার দাবি জানানোর অধিকার থাকবে না। ভর্তি হবে অনলাইনে, মেধার ভিত্তিতে, সংরক্ষণের শর্ত মেনে এবং আসন সংখ্যা অনুযায়ী।

যে সব নথি অনলাইনে আবেদনের সময়ে আপলোড করতে হবে

(১) উচ্চ মাধ্যমিকের (১০+২) মার্কশিট (১০০কেবি-র মধ্যে সাইজ থাকতে হবে)
(২) জন্মতারিখের জন্য মাধ্যমিকের (১০) অ্যাডমিট (১০০কেবি-র মধ্যে সাইজ থাকতে হবে)
(৩) আবেদনকারীর সাম্প্রতিক ছবি (১০০কেবি-র মধ্যে সাইজ থাকতে হবে)
(৪) এসসি/এসটি/ওবিসি/পিডব্লিউডি (যার ক্ষেত্রে যা প্রযোজ্য) সার্টিফিকেট (১০০কেবি-র মধ্যে)

এক কোর্স থেকে অন্য কোর্সে ট্রান্সফার

কলেজেরই একটি কোর্সে ভর্তি হওয়ার পরে, কোনও আবেদনকারী যদি অন্য কোনও কোর্সে ভর্তির সুযোগ পায়, সে ক্ষেত্রে ছাত্র/ছাত্রীটি চাইলে প্রথম কোর্সের ভর্তি বাতিল করে দ্বিতীয় কোর্সে ভর্তি হতে পারবে। তাঁর কিছু শর্ত রয়েছে। সেই শর্ত ছাত্র/ছাত্রীকে পূরণ করতে হবে। এই ভর্তি প্রক্রিয়া ভর্তির নির্দিষ্ট দিনের মধ্যেই সম্পন্ন করতে হবে।

সমস্ত ভর্তিই শর্তাধীন। মেধা তালিকায় নাম আসার পরে আবেদনকারী নির্দিষ্ট দিনে ভর্তির টাকা জমা করে দিলেও তাঁর ভর্তি প্রক্রিয়া পুরোপুরি সম্পন্ন হয়ে গেল বলে ধরা হবে না। উক্ত ছাত/ছাত্রীকে প্রথম সেমেস্টারের ক্লাস শুরুর পরে নির্দিষ্ট দিনের মধ্যে কলেজ কর্তৃপক্ষের কাছে তার যাবতীয় তথ্য ও আসল নথির যাচাই করাতে হবে। আবেদনকারীর তথ্য বা নথিতে কোনও গোলমাল দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ যে কোনও মুহূর্তে তাঁর ভর্তি বাতিল করতে বাধ্য হবে।

নথি ভেরিফিকেশন/রোল নম্বর বরাদ্দ/আই কার্ড প্রদান/কলেজে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন সম্পাদন

ক) ভর্তির টাকা প্রদানের পরে এবং **ক্লাস শুরু হলে** আবেদনকারীদের কলেজ নির্ধারিত নির্দিষ্ট দিনে নিম্নে উল্লিখিত নথিগুলি নিয়ে ভেরিফিকেশনের জন্য উপস্থিত থাকতে হবে—

- অনলাইন আবেদন ফর্মের প্রিন্টআউট + ভর্তির পেমেন্ট রিসিপ্ট
- উচ্চ মাধ্যমিকের আসল মার্কশিট + এক কপি জেরক্স
- মাধ্যমিকের আসল অ্যাডমিট কার্ড + এক কপি জেরক্স
- এসসি/এসটি/ওবিসি/পিডব্লিউডি (যার ক্ষেত্রে যা প্রযোজ্য) আসল সার্টিফিকেট + এক কপি জেরক্স
- আবেদনকারীর একটি পাসপোর্ট ও একটি স্ট্যাম্প সাইজ সাম্প্রতিক ছবি

খ) নথি যাচাইয়ে উত্তীর্ণ হওয়ার পরে আবেদনকারীদের রোল নম্বর, আই কার্ড ও কলেজ প্রস্পেক্টাস অফিস থেকে সংগ্রহ করে নিতে হবে

গ) এর পরবর্তী ধাপে ছাত্রছাত্রীদের কলিকাতা বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রেশন নেওয়ার গুরুত্বপূর্ণ প্রক্রিয়ায় যুক্ত হতে হবে। বিশ্ববিদ্যালয় নির্ধারিত সময়-পর্বে কর্তৃপক্ষের অনলাইন পোর্টালে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করা হবে। এই রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় উপস্থিত বা সামিল না থাকলে ছাত্র/ছাত্রীটির ভর্তি সম্পূর্ণ বাতিল হয়ে যাবে।

প্রয়োজনীয় তথ্যের জন্য কলেজের হেল্পডেস্ক নম্বর ৯৭৩৪৭৮৬৬৪৫-এ যোগাযোগ করুন।

অনুমত্যানুসারে

অধ্যক্ষ

সাধনচন্দ্র মহাবিদ্যালয়